

ছাত্র সংসদ নির্বাচন না হলেও চাঁদা আদায় বন্ধ নেই!

লক্ষ্মীপুর সরকারি কলেজ

■ লক্ষ্মীপুর প্রতিনিধি

লক্ষ্মীপুর সরকারি কলেজে ছাত্র সংসদ নির্বাচন ১৫ বছর ধরে হচ্ছে না। অর্থাৎ ছাত্র সংসদের নামে বছরের পর বছর চাঁদা আদায় করা হচ্ছে। কলেজের প্রত্যেক শিক্ষার্থীদের কাছ থেকে এ সংসদের জন্য ৩০ টাকা করে চাঁদা নেয়া হয়। এ নিয়ে শিক্ষার্থীদের মাঝে অসন্তোষ দেখা দিয়েছে।

২০০০ সালে ছাত্র সংসদের সর্বশেষ নির্বাচন হয়। এরপর থেকে ছাত্র সংসদের নির্বাচন হয়নি। একাদশ শ্রেণির শিক্ষার্থীদের কাছ থেকে ৩০ টাকা ও স্নাতকে ভর্তি শিক্ষার্থীদের কাছ থেকে ৫০ টাকা করে চাঁদা নেয়া হয়। আর এ খাতে এ পর্যন্ত জমা হয়ে আছে লাখ লাখ টাকা। কলেজে বর্তমানে প্রায় সাড়ে নয় হাজার শিক্ষার্থী অধ্যয়নরত।

কলেজের একাধিক প্রভাষক জানান, বিভিন্ন কারণে ১৫ বছর ধরে ছাত্র সংসদ নির্বাচন দেয়া যায়নি। তা ছাড়া ছাত্র সংগঠনগুলোর নেতারা বিগত বছরগুলোতে নির্বাচনের জন্য একমুঠে পৌঁছাতে পারেনি।

কলেজ শাখা ছাত্রলীগের সভাপতি মিজা আমজাদ হোসেন আজিম বলেন, ছাত্র সংসদ নির্বাচন হোক, আমরা মনে-প্রাণে চাই।

সর্বশেষ ছাত্র সংসদ নির্বাচনে ওই কলেজের নির্বাচিত ডিপি মজিবুর রহমান মুরাদ বলেন, সরকার আন্তরিক হলে নিয়মিত ছাত্র সংসদ নির্বাচন করা সম্ভব। দীর্ঘ সময় লক্ষ্মীপুরে এ নির্বাচন হচ্ছে না। এতে শিক্ষকরা সংসদের নামে টাকা উত্তোলন করলেও ছাত্র সংসদের কোনো সুবিধা পাচ্ছে না ছাত্র-ছাত্রীরা।

অধ্যক্ষ প্রফেসর মোহাম্মদ মোলায়মান বলেন, শিক্ষা মন্ত্রণালয় থেকে ৪১টি খাতে টাকা নেয়ার নিয়ম রয়েছে। এরমধ্যে একটি হলো ছাত্র সংসদ। ছাত্র সংসদের নামে টাকা নিয়ে কলেজ কর্তৃপক্ষ ব্যয় করতে পারে না। যখনই ছাত্র সংসদ নির্বাচন হবে। তখন নির্বাচিতরাই এ টাকা ব্যয় করবে। উত্তোলনকৃত চাঁদা জমা রয়েছে।